একাদশ শ্রেণি ● বাংলা ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

● প্রবন্ধ : 'গালিলিও'

❖ সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)

**1. গালিলিও জন্মেছিলেন যে শহরে, তার নাম-**

a. ফ্লোরেন্স b. পিসা

c. রোম d. সিয়েনা

উত্তর : b. পিসা

**2. গালিলিওর পিতা ভালো বাজাতে পারতেন-**

a. গিটার b. বীণা

c. লিউট d. এসরাজ

উত্তর : c. লিউট

**3. গালিলিওর পিতা যখন গালিলিওকে মঠে ভরতি করেন, তখন গালিলিওর বয়স ছিল-**

a. বারো বছর b. তেরো বছর

c. চোদ্দো বছর d. সতেরো বছর

উত্তর : b. তেরো বছর

**4. গালিলিও ডাক্তারিতে যখন ভরতি হলেন, তখন তাঁর বয়স ছিল-**

a. আঠারো b. পনেরো

c. ষোলো d. সতেরো

উত্তর : d. সতেরো

**5. গালিলিও ডাক্তারি পড়তে যে বিশ্ববিদ্যালয়ে ভরতি হয়েছিলেন তার নাম-**

a. পড়ুয়া b. পিসা

c. রোম d. সিয়েনা

উত্তর : b. পিসা

**6. গালিলিওর পিসা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার বেতন ছিল-**

a. ৪০ স্কুডি b. ৫০ স্কুডি

c. ৬০ স্কুডি d. ৭০ স্কুডি

উত্তর : c. ৬০ স্কুডি

**7. গালিলিওর ভাই যে দেশে চলে গিয়েছিলেন, তা ছিল-**

a. ফ্রান্স b. ইংল্যান্ড

c. পোল্যান্ড d. জাপান

উত্তর : c. পোল্যান্ড

**8. গালিলিওর ভাইয়ের সন্তানের সংখ্যা ছিল-**

a. চার b. পাঁচ

c. ছয় d. সাত

উত্তর : d. সাত

**9. গালিলিওর সময় পাডুয়া শহরটি যে রাষ্ট্রের অন্তর্গত ছিল, তা হল-**

a. রোম b. তাস্কানি

c. সিয়েনা d. ভেনিস

উত্তর : d. ভেনিস

**10. গালিলিওর ভাইয়ের নাম কী ছিল -**

a. বেলারিমিন b. মাইকেল এঞ্জেলো

c. ডিউক d. টলেমি

উত্তর : b. মাইকেল এঞ্জেলো

**11. গালিলিওর প্রিয় ছাত্রের নাম কী ছিল-**

a. কসমো b. ফ্রাস্কলিন

c. মাইকেল d. ফেডাকির

উত্তর : a. কসমো

**12. পিসা বিশ্ববিদ্যালয়ে গালিলিও কী পড়তে গিয়েছিলেন?**

a. ডাক্তারি b. দর্শন

c. ধর্মশাস্ত্র d. সাহিত্য

উত্তর : a. ডাক্তারি

**13. গালিলিও পিসা বিশ্ববিদ্যালয়ে যখন ডাক্তারিতে ভরতি হন, তখন ছিল-**

a. বেনেডিক্টিনের যুগ b. অ্যারিস্টটলের যুগ

c. প্লেটোর যুগ d. ডোমিনিকানের যুগ

উত্তর : b. অ্যারিস্টটলের যুগ

**14. গালিলিওর ডাক্তারি পড়ার সময় প্রত্যেক ছাত্রকে কোন্ বিষয় পড়তেই হত ?**

a. ইতিহাস b. গণিত

c. দর্শন d. ন্যায়শাস্ত্র

উত্তর : c. দর্শন

**15. গালিলিও পাডুয়া বিশভবিদ্যালয়ে একের পর এক বক্তৃতা দিয়ে যাচ্ছিলেন-**

a. টলেমির মতবাদের পক্ষে

b. পোপের মতবাদের পক্ষে

c. কোপারনিকাসের মতবাদের পক্ষে

d. অ্যারিস্টটলের মতবাদের পক্ষে

উত্তর : c. কোপারনিকাসের মতবাদের পক্ষে

**16. ''সেইখানেই তিনি থাকতে চাইতেন সারাজীবন।''-কোথায় ?**

a. পিসাতে b. ফ্লোরেন্সে

c. পাডুয়াতে d. ভেনিসে

উত্তর : b. ফ্লোরেন্সে

**17. গালিলিও 'গভীর বিশ্বাসী' ছিলেন-**

a. কোপারনিকাসের বিশ্ববিন্যাসে

b. টলেমির মতাদর্শে

c. অ্যারিস্টটলের দার্শনিক তত্ত্বে

d. জিয়োর্দানো ব্রুনোর জ্যোতির্বিদ্যায়

উত্তর : a. কোপারনিকাসের বিশ্ববিন্যাসে

**18. Cosmo-র মা বিশ্বাস করতেন-**

a. গণিতশাস্ত্রে b. টলেমির ব্যাখ্যায়

c. ফলিত জ্যোতিষে d. গালিলিওর দর্শনে

উত্তর : c. ফলিত জ্যোতিষে

**19. ''সেই গ্রীক দার্শনিকের কথা সকলেই মাথা পেতে নেয় নির্বিচারে''-সেই দার্শনিকের নাম-**

a. গালিলিও b. অ্যারিস্টট্ল

c. মাইকেল এঞ্জেলো d. কোপারনিকাস

উত্তর : b. অ্যারিস্টট্ল

**20. গালিলিওর ছোটো ভাই মাইকের এঞ্জেলো যে রাজদরবারে কলবিদ্ হিসেবে প্রতিষ্ঠিত হলেন, সেটি অবস্থিত-**

a. ফ্লোরেন্সে b. পোল্যান্ডে
c. ভেনিসে d. তাসকানিতে

**উত্তর :** b. পোল্যান্ডে

**21. গালিলিও পাডুয়া বিশ্ববিদ্যালয়ে একটানা অধ্যাপনা করেছেন-**

a. ৬ বৎসর b. ৯ বৎসর
c. ১৮ বৎসর d. ১৮ বৎসর

**উত্তর :** d. ১৮ বৎসর

**22. দূরবিনের প্রথম পরিকল্পনা করেন যে ব্যক্তি, তাঁর দেশ ছিল-**

a. ইংল্যান্ড b. হল্যান্ড
c. জাপান d. ফ্রান্স

**উত্তর :** b. হল্যান্ড

**23. 'রূপকথার স্বপ্নপুরী'র মতো সম্পদ ছিল যে শহরে-**

a. পাডুয়া b. পিসা
c. ফ্লোরেন্সে d. ভেনিসে

**উত্তর :** d. ভেনিসে

**24. তাস্কানির গ্র্যান্ড ডিউক গালিলিওকে বাৎসরিক বেতন দিতেন-**

a. ৬০ স্কুডি b. ৯০০ স্কুডি
c. ১৬০০ স্কুডি d. ১০০০ স্কুডি

**উত্তর :** d. ১০০০ স্কুডি

**25. ''গালিলিওর বাড়ি হয়ে উঠলো ফ্যাক্টরি কারুশালা''-কেন ?**

a. যুদ্ধজাহাজে দূরবিন জোগানের ভার পড়ল
b. বাড়িটি বন্ধক দেওয়া হল
c. বাড়িতে নতুন কারখানা খোলা হল
d. ব্যাবসা বাড়ল

**উত্তর :** a. যুদ্ধজাহাজে দূরবিন জোগানের ভার পড়ল

**26. ''হয়তো এবার যাবার সময় চন্দ্রগুলি দেখতে পাবেন ।''-কার চন্দ্রগুলি ?**

a. পৃথিবীর b. শনির
c. মঙ্গলের d. বৃহস্পতির

**উত্তর :** d. বৃহস্পতির

**27. ''বাড়ি হয়ে উঠল ফ্যাক্টরি, কারুশালা''-এখানে যার বাড়ির কথা বলা হয়েছে তিনি হলেন-**

a. টলেমি b. কোপারনিকাস
c. গালিলিও d. বেলারিমিন

**উত্তর :** c. গালিলিও

**28. গালিলিওর দূরবিনে ধরা পড়েছিল-**

a. মঙ্গলের উপগ্রহ b. বৃহস্পতির চাঁদের ছবি
c. পৃথিবীর নক্ষত্র d. মঙ্গলের চাঁদের ছবি

**উত্তর :** b. বৃহস্পতির চাঁদের ছবি

**29. এদের মধ্যে কোনটি গালিলিও আবিস্কার করেননি ?**

a. দূরবিন
b. পৃথিবীর সৌর প্রদক্ষিণ
c. বৃহস্পতির চারটে উপগ্রহ
d. পৃথিবীর অভিগত গোলক আকৃতি

**উত্তর :** d. পৃথিবীর অভিগত গোলক আকৃতি

**30. গালিলিওর জীবন অত্যন্ত দুঃখ-কষ্টের মধ্য দিয়ে কেটেছিল-**

a. শেষ ৩ বছর b. শেষ ৫ বছর
c. শেষ ৬ বছর d. শেষ ৯ বছর

**উত্তর :** d. শেষ ৯ বছর

**31. কত তারিখে গালিলিও প্রথম কারারুদ্ধ হন?**

a. ৩০ এপ্রিল b. ১২ এপ্রিল
c. ১১ এপ্রিল d. ২৪ এপ্রিল

**উত্তর :** b. ১২ এপ্রিল

**32. বিচারকদের সামনে গালিলিও কোন্ রঙের পোশাক পরেছিলেন ?**

a. লাল b. সাদা
c. নীল d. গেরুয়া

**উত্তর :** b. সাদা

**33. 'Inquisition' হল-**

a. এক দার্শনিক b. পবিত্র আদালত
c. একটি মতবাদ d. একটি আইন

**উত্তর :** b. পবিত্র আদালত

**34. গালিলিওর হিতাকাঙ্ক্ষী ও সুহৃদ ছিলেন-**

a. কার্ডিনাল বেলারিমিন b. মাইকেল এঞ্জেলো
c. তাস্কানির বৃদ্ধ ডিউক d. সিয়েনার আর্চবিশপ

**উত্তর :** a. কার্ডিনাল বেলারিমিন

**35. গালিলিওর বিরুদ্ধে ক্রুদ্ধ হয়েছিলেন কোন্ সম্প্রদায়ের সন্ন্যাসীরা-**

a. ক্যাথোলিক b. প্রোটেস্টান্ট
c. ইহুদি d. ডোমিনিকান

**উত্তর :** d. ডোমিনিকান

## ❖ <u>এক কথায় উত্তর দাও(V.S.A.)</u> (Marks-1)

**1. গালিলোকে ডাক্তারি পড়ানো হয়েছিল কেনো ?**

**উত্তর :** পরিবারের আথিক অবস্থা খারাপ ছিল বলেই গালিলিওকে ডাক্তারি পড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল কারণ এই পেশায় পেশায় প্রচুর অর্থ উপার্জনের সম্ভবনা ছিল ।

**2. গালিলিও বৃহস্পতির ক-টি উপগ্রহ দেখেছিলেন ?**

**উত্তর :** দূরবিনের সাহায্যে গালিলিও বৃহস্পতির ৪টি উপগ্রহ দেখেছিলেন।

**3. ''১৬০৯ সালে ঘটল এক নতুন ব্যাপার''- কোন্ নতুন ব্যাপারের কথা বলা হয়েছে ?**

**উত্তর :** ১৬০৯ খ্রিস্টাব্দে এক হল্যান্ডবাসী কাচের লেন্স নিয়ে নাড়াচাড়া করতে করতে হঠাৎ একটি নলের দু-পাশে লেন্স রেখে দেখলেন যে, দূরের জিনিস বড়ো দেখাচ্ছে ।

**4. ''এতে গালিলিওর আমেদ লাগল ।''-কীসে ?**

**উত্তর :** তৎকালীন ধার্মিক পন্ডিতরা তাঁদের ধর্মবিশ্বাস টলে যাওয়ার ভয়ে দূরবিনের ভিতর দিয়ে কোনো কিছু দেখতে চাইলেন না, এই বিষয়টিতেই গালিলিওর আমেদ লেগেছিল ।

**5. ''নিজের দূরবিন দিয়ে গালিলিও অনেক নতুন আবিষ্কার করলেন ।''- স্বদেশে ফিরে আসার পর গালিলিও কী কী নতুন আবিষ্কার করেন ?**

**উত্তর :** স্বদেশে অর্থাৎ ফ্লোরেন্সে ফিরে আসার পর গালিলিও সূর্যবিম্বে কলঙ্কবিন্দু, শুক্রগ্রহের ঔজ্জ্বল্যের হ্রাসবৃদ্ধি এবং শনির বলয়- এই তিনটি নতুন বিষয় আবিষ্কার করেন ।

**6. ''ফলে ইতালি দেশি পিছিয়ে পড়ল ।''-এই পিছিয়ে পড়ার কারণ কী?**

**উত্তর :** ইতালিতে সনাতনপন্থী ধার্মিকরা বিজ্ঞানকে শ্বাসরুদ্ধ করতে চেষ্টা করেছিলেন বলেই ইতালি দেশটি পিছিয়ে গিয়েছিল ।

## ❖ এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)

**7. গালিলিও কোন্ মতবাদে বিশ্বাসী ছিলেন ?**
**উত্তর :** বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর 'গালিলিও' প্রবন্ধ থেকে জানা যায়, গালিলিও কোপারনিকাসের বিশ্ববিন্যাস মতবাদে গভীর বিশ্বাস করতেন ।

**8. ''এই স্বভাব-ই শেষ জীবনে তাঁর অশেষ দঃখের কারণ হল''-কোন্ স্বভাবের কথা বলা হয়েছে ?**
**উত্তর :** গালিলিও যুক্তিতর্কের মাধ্যমে নিজের বক্তব্য প্রতিষ্ঠা করতে পছন্দ করতেন । তাঁর এই ঝোঁক বা প্রবণতা শেষজীবনে তাঁর অশেষ দঃখের কারণ হয়েছে ।

**9. অ্যারিস্টটল্ কে ছিলেন ?**
**উত্তর :** অ্যারিস্টটল্ ছিলেন একজন বিখ্যাত গ্রিক দার্শনিক ।

**10. কোন্ বিশ্ববিদ্যালয়ে কী বিষয়ে পড়াশোনা শুরু করেন গালিলিও?**
**উত্তর :** ১৫৮১ খ্রিঃ সতেরো বছর বয়সে গালিলিও পিসা বিশ্ববিদ্যালয়ে ডাক্তারিবিদ্যা নিয়ে পড়াশোনা শুরু করেন ।

**11. ''তবে শেষ অবধি মঠ ছাড়তে হল ।''- কোন্ মঠ ?**
**উত্তর :** গালিলিওকে ভ্যালাম ব্রোসা নগরী বেনেডিক্‌টিন সম্প্রদায়ের মঠ ছাড়তে হয় একসময় ।

**12. ''কাজেই গালিলিও চলে এলেন ফ্লোরেন্সে ।''-কখন গালিলিও ফ্লোরেন্সে চলে এলেন ?**
**উত্তর :** গালিলিওর পিতা সপরিবার ফ্লোরেন্সে চলে এলে গালিলিওকেও ফ্লোরেন্সে চলে আসতে হয় ।

**13. ''এতে পরিবারের সব খরচ চালানো দুষ্কর ।''-'এতে' বলতে কার কথা বলা হয়েছে ?**
**উত্তর :** গালিলিও পিসা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করে বছরে যে ৬০ স্কুডি বেতন পেতেন, তাতে পরিবারের সব খরচ চালানো দুষ্কর ছিল ।

**14. ''গালিলিও হলেন কর্তা ।''-কখন গালিলিও কর্তা হলেন ?**
**উত্তর :** ১৫৯১ খ্রিঃ গালিলিওর পিতা মারা গেলে গালিলিও পরিবারের কর্তা হন ।

**15. গালিলিওর ছোটো ভাই কে ছিলেন এবং তিনি কোন্ পদ লাভ করেছিলেন ?**
**উত্তর :** গালিলিওর ছোটোভাই ছিলেন মাইকেল এঞ্জেলো এবং তিনি পোলান্ডের রাজদরবারে কলাবিদ হয়েছিলেন ।

**16. ভেনিস কতৃপক্ষের কাছে গালিলিওর কদর বেড়ে গিয়েছিল কেন ?**
**উত্তর :** দুরবিন আবিষ্কারের ফলে নৌবহরের শত্রুপক্ষের আক্রমণের আশাঙ্কা কমে গিয়েছিল তাই ।

**17. কত বছর বয়সে গালিলিও প্রথম বিজ্ঞানচর্চা শুরু করেন ?**
**উত্তর :** ১৫৮৮ সালে ২৪ বছর বয়সে ।

**18. গালিলিওর জন্ম কোথায় হয়েছিল ?**
**উত্তর :** ১৫৬৪ সালের ১৫ ফেব্রুয়ারি ইটালির পিসায় গালিলিওর জন্ম হয়েছিল ।

**19. ১৮ বছর গালিলিও কোন্ বিশ্ববিদ্যালয়ে কাটান ?**
**উত্তর :** গালিলিও ১৮ বছর পাডুয়া বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করে কাটান ।

## ❖ কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও(L.A.) (Marks-5)

1. **ক্যাথোলিক খ্রিস্টান যজকদের সঙ্গে গালিলিওর বিরোধের কারণ কী ? গালিলিওর জীবনের শেষ ন-বছর যে অবস্থায় কেটেছিল, তার বিবরণ দাও ।**
2. **''এই স্বভাবি শেষ জীবনে তাঁর অশেষ দুঃখের কারণ হলো''-কার কোন্ স্বাভাবের কথা বলা হয়েছে ? সেই স্বাভাব তাঁর শেষজীবনে 'অশেষ দুঃখের কারণ হলো' কীভাবে ?**
3. **'গালিলিও' প্রবন্ধ অনুসরণে গালিলিওর বিজ্ঞানসাধনার পরিচয় দাও ।**
4. **''এখানেই শুরু হল তাঁর প্রকৃত বিজ্ঞানীর জীবন ।''-'প্রকৃত বিজ্ঞানীর' সেই জীবন বর্ণনা করো ।**
5. **''নিজের দূরবিন নিয়ে গালিলিও অনেক নতুন আবিষ্কার করলেন ।''-দূরবিনের সাহায্যে গালিলিও কী কী আবিষ্কার করলেন ? সনাতনীরা তাঁর বিরুদ্ধতা করেছিলেন কেন ?**
   **অথবা ''নিজের দূরবিন নিয়ে গালিলিও অনেক নতুন আবিষ্কার করলেন ।'' গালিলিও কী কী আবিষ্কার করলেন ? এইসব আবিষ্কার সনাতনপন্থীদের মধ্যে কী প্রভাব ফেলল ?**
6. **দূরবিন আবিষ্কার করার ফলে ভেনিস কর্তৃপক্ষের নিকট কীভাবে গালিলিওর কদর বেড়ে গিয়েছিল ?**



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299